



বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশন
কৃষি ভবন

৪৯-৫১, দিলকুশা বাণিজ্যিক এলাকা, ঢাকা ১০০০

(সংরক্ষণ শাখা, সার ব্যবস্থাপনা বিভাগ)

www.badc.gov.bd

স্মারক নং-১২.২৪৩.০১৮.২১.০০৯.২০০৩- ০৬

তারিখঃ ০২ জুলাই, ২০১৮ খ্রিঃ।

যুগ্ম পরিচালক (সার)

বিএডিসি, সিলেট।

বিষয়ঃ সিলেট অঞ্চলে ভাড়ায় প্রদানকৃত গুদামের সমুদয় বকেয়া ভাড়া আদায় এবং প্রযোজ্য ক্ষেত্রে বিএডিসি কর্তৃপক্ষের নিকট গুদাম হস্তান্তর প্রসঙ্গে।

সূত্রঃ আপনার দপ্তরের স্মারক নং-১২.০৬.০০০০.৫৪১.৪৫.০০১.১৮.৬৭৭ তারিখঃ ০৭/০৬/২০১৮।

উপর্যুক্ত বিষয় ও সূত্রে বর্ণিত পত্রের পরিপ্রেক্ষিতে আপনার দপ্তর হতে প্রাপ্ত তথ্যাদি নিম্নোক্ত ছকে তুলে ধরা হলোঃ-

ক্রমিক নং	গুদামের নাম	ধারণক্ষমতা (মেঃ টন)	ভাড়াটিয়ার নাম	ভাড়া চুক্তির মেয়াদ	মাসিক ভাড়ার পরিমাণ (টাকা)	বকেয়া ভাড়ার পরিমাণ (টাকা)	মন্তব্য
১	আজমিরিগঞ্জ	৩০০০	জনাব জাহাঙ্গীর আলম (বাকু)	০১/০৯/১২ হতে ৩১/০৮/১৪ পর্যন্ত	২৯,১২৮/-	১২,৬৭,৫৩৮/-	হাইকোর্টে মামলা চলমান রয়েছে।
২	শায়েরগঞ্জ	স্থাপনা	মেয়র শায়েরগঞ্জ পৌরসভা	জুন/২০১৬	৩,০০০/-	-	৩০/০৬/২০১৮ পর্যন্ত চুক্তি নবায়ন প্রক্রিয়াধীন রয়েছে।
৩	কুলাউড়া	৪০০	জনাব সন্দীপ বৈদ্য (প্রদীপ)	০১/০৬/১৫ হতে ৩১/০৫/১৭ পর্যন্ত	১৭,৪১৩/-	২,২৬,৩৬৯/-	ভাড়া আদায়ের জন্য পত্র দেয়া হয়েছে।

০২. উপরে বর্ণিত ছক পর্যালোচনা করলে দেখা যায় যে, মৌলভীবাজার কুলাউড়াস্থ ৪০০ মেঃ টন ধারণক্ষমতাসম্পন্ন গুদাম ০১ জুলাই, ২০১৫ হতে ৩১/১২/২০১৭ পর্যন্ত মেয়াদে জনাব সন্দীপ বৈদ্য এর নিকট ভাড়া প্রদান করা হয়। উক্ত গুদামের জন্য ভাড়াটিয়া কর্তৃক মে, ২০১৬ হতে মে, ২০১৭ পর্যন্ত মেয়াদে ভাড়া প্রদান করা হয়নি। ফলে সর্বমোট বকেয়া ভাড়ার পরিমাণ ২,২৬,৩৬৯/- টাকা। অন্যদিকে গোলাপগঞ্জ গুদামের জন্য চুক্তিপত্র অনুযায়ী মেয়াদ শেষ হওয়ার পর ভাড়াটিয়া কর্তৃক গুদাম হস্তান্তর করা হয়েছে কিনা সে বিষয়ে কোন তথ্যাদি উল্লেখ করা হয়নি। হস্তান্তরিত হয়ে থাকলে গুদামটি পুনরায় নতুন করে ভাড়া প্রদানের ক্ষেত্রে আপনার দপ্তর হতে কোন প্রস্তাব সার ব্যবস্থাপনা বিভাগে প্রেরণ করা হয়নি। এছাড়া নভেম্বর, ২০১৬ তারিখের ২৩৫ নং নং স্মারকে প্রাপ্ত পত্রে উক্ত গুদামের বিপরীতে তৎকালীন সময় ৮৬,৫২৫/- টাকা বকেয়ার বিষয়ে উল্লেখ করা হলেও আপনার দপ্তর হতে প্রাপ্ত সূত্রে বর্ণিত স্মারকে উক্ত তথ্যাদি সন্নিবেশ করা হয়নি।

০৩. এমতাবস্থায়, মৌলভীবাজারস্থ কুলাউড়া গুদামের জন্য প্রাপ্য সমুদয় বকেয়া ভাড়া আদায়ের লক্ষ্যে আপনার দপ্তরের মাধ্যমে ভাড়াটিয়াকে পত্র দেয়ার জন্য অনুরোধ করা হলো। এছাড়া পত্রের ২নং ক্রমিকে বর্ণিত গোলাপগঞ্জস্থ গুদামের বিষয়ে যাচিত সমুদয় তথ্যাদি লিখিতভাবে অত্র দপ্তরকে জানানোর জন্যও অনুরোধ করা হলো।


(আশরাফ আলিহী)

মহাব্যবস্থাপক (সার ব্যবস্থাপনা)

বিএডিসি, ঢাকা।

ফোন: ৯৫৫ ৪০১৬

অনুলিপিঃ

১. প্রোগ্রামার (আইসিটি সেল), মনিটরিং বিভাগ, বিএডিসি, ঢাকা (ওয়েবসাইটে প্রচারের অনুরোধসহ)।

২. সদস্য পরিচালক (সার ব্যবস্থাপনা) মহোদয়ের সহকারী ব্যক্তিগত কর্মকর্তা, বিএডিসি, ঢাকা।

৩. অফিস কপি।